# বড় শির্ক ও ছোট শির্ক

বিভাগ/অধ্যায়ঃ বড় শির্কের প্রকারভেদ

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

## ১৬. সাহায্য প্রার্থনার শির্ক

সাহায্য প্রার্থনার শির্ক বলতে মানুষের সাধ্যের বাইরে এমন কোন সাহায্য একমাত্র আল্লাহ্ তা'আলা ছাড়া অন্য কারোর নিকট কামনা করাকে বুঝানো হয়।

এ জাতীয় সাহায্য একমাত্র আল্লাহ্ তা'আলার নিকটই কামনা করতে হয়। অন্য কারোর নিকট নয়।

আল্লাহ্ তা'আলা মানুষকে প্রতি নামাযে এ বাক্যটি বলতে শিখিয়েছেন:

«إِيَّاكَ نَعْبُدُ وَإِيَّاكَ نَسْتَعِيْنُ»

"আমরা আপনারই ইবাদাত করি এবং আপনারই নিকট সাহায্য প্রার্থনা করি"। (ফাতি'হা : ৫)

আব্দুল্লাহ্ বিন্ 'আব্বাস (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: একদা রাসূল (সা.) আমাকে কিছু মূল্যবান বাণী শুনিয়েছেন যার কিয়দাংশ নিম্নরূপ:

إِذَا سَأَلْتَ فَاسْأَلِ اللهَ، وَإِذَا اسْتَعَنْتَ فَاسْتَعِنْ بِاللهِ، وَاعْلَمْ أَنَّ الْأُمَّةَ لَوِ اجْتَمَعَتْ عَلَى أَنْ يَّنْفَعُوْكَ بِشَيْءٍ لَمْ يَنْفَعُوْكَ إِلاَّ بِشَيْءٍ قَدْ كَتَبَهُ اللهُ لَكَ، وَلَوِ اجْتَمَعُوْا عَلَى أَنْ يَّضُرُّوْكَ بِشَيْءٍ لَمْ يَضُرُّوْكَ إِلاَّ بِشَيْءٍ قَدْ كَتَبَهُ اللهُ عَلَيْكَ

"কিছু চাইলে তা একমাত্র আল্লাহ্ তা'লার নিকটই চাইবে। কোন সহযোগিতার প্রয়োজন হলে তা একমাত্র আল্লাহ্ তা'আলার নিকটই কামনা করবে। জেনে রেখো, পুরো বিশ্ববাসী একত্রিত হয়েও যদি তোমার কোন কল্যাণ করতে চায় তাহলে তারা ততটুকুই কল্যাণ করতে পারবে যা তোমার জন্য বরাদ্দ রয়েছে। আর তারা সবাই একত্রিত হয়েও যদি তোমার কোন ক্ষতি করতে চায় তাহলে তারা ততটুকুই ক্ষতি করতে পারবে যা তোমার জন্য বরাদ্দ রয়েছে"। (তিরমিযী, হাদীস ২৫১৬)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11625

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন